REG. NO. C

# জঙ্গিপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদ পত্র।

রঘুনাথগঞ্জ পণ্ডিত প্রেসে শ্রীশরচ্চন্দ্র পণ্ডিত কর্ত্তৃক মুদ্রিত ও প্রকাশিত।

৬ষ্ঠ বর্ষ | রঘুনাথগঞ্জ—মুর্শিদাবাদ ৭ই শ্রাবণ বুধবার ১৩২৬, ইংরাজী 23rd July 1919. | ৮ম সংখ্যা

বিজ্ঞাপনদাতাগণের জ্ঞাতব্য নিয়মাবলী।

জঙ্গিপুর সংবাদের নিয়মাবলী।


## কেশরঞ্জন তৈল




কেশরঞ্জন নূতন নহে।—এ নবযুগে, যখন দেশে কোন স্বদেশী সুগন্ধি কেশতৈলের প্রচলন ছিল না—কেশরঞ্জন তখন আবির্ভূত হইয়া, আজ পর্য্যন্ত অব্যাহতভাবে, সমগ্র ভারতবাসীর মনোরঞ্জন করিয়া ... নিত্য নিত্য নব নব বিজ্ঞান ... কত কেশতৈল বাহির হইতেছে। ...” আদর প্রতিপত্তি ও সুযশ

...স্বী স্ব...

...গন্ধে বিশ্ববিজয়ী।—বিংশতি ...” উপাদানে যে সব দেব- ... সেই সবই আছে; ... নূতন নূতন ... দিন দিন ... পাইতেছে।

...হে।—এখন নিজের ... মহাপর। “কেশরঞ্জ... গৃহে ... ভারতে ... সিংহল প্রভৃ... ইহার যথেষ্ট ...

কেশরঞ্জ... প্রতিদ্বন্দ্বী নাই।—

অনেকে অনুকর... করিয়াও সিদ্ধমনোরথ হই... পারেন নাই।—... ভারত, ব্রহ্ম ও সিংহলে... বড় বড় দিক্‌পাল, ...পতি, রাজা-মহারাজা হইতে... সামান্য কুটীরবাসী ... কেশরঞ্জন ব্যবহার করেন... “কেশরঞ্জন” সুগন্ধে অননুকরণীয়,—গুণে অতুলনী... ইহা মস্তিষ্ক-রোগের আশু-প্রতিকারে মন্ত্রশক্তি সম্পন্ন।

এক শিশি ১৲ এক টাকা, মাশুলাদি ।৶০ সাত আনা, তিন শিশি ২।০ দুই টাকা চারি আনা, মাশুলাদি ৸৶০ পোনর আনা। ডজন ৯৲ নয় টাকা, মাশুলাদি স্বতন্ত্র।

## দুইটী চিত্রের তুলনায় সমালোচনা।

**স্বাস্থ্যহীনতার চিত্র।**

মলিন মুখ, বিশীর্ণ দেহ, এক একখানি করিয়া যেন পঞ্জর দেখা দিতেছে। আহারে রুচি নাই, ক্ষুধা নাই, কাজে মন লাগে না, সর্ব্বদা মনের ভিতর দুশ্চিন্তা, রাত্রে নিদ্রা হয় না। শারীরিক ও স্নায়বিক দৌর্ব্বল্য এত বেশী যে আধপোয়া পথ চলিলে খুব ক্লান্ত হইতে হয়। কিন্তু যদি আমাদের “অশ্বগন্ধারিষ্ট” কিছুদিন সেবন করেন—তাহা হইলে নবজীবন লাভ করিবেন।

**স্বাস্থ্যপূর্ণতার চিত্র।**

তখন দেখিবেন—আপনার বিশীর্ণ গণ্ডে লোহিতাভ সঞ্চার হইয়াছে। আহারে রুচি হইয়াছে। শারীরিক ও মানসিক শ্রম করিতে আর আপনি অপারক নন। সম্মুখে ইউনিভারসিটী পরীক্ষা। নব উৎসাহে, নবজীবনে আপনি দিনরাত খাটিতেছেন—একটুও ক্লান্তি নাই, অবসাদ নাই। এ জন্য জানিয়া রাখুন—সর্ব্ববিধ স্নায়বিক ও দৈহিক দুর্ব্বলতার জন্য আমাদের অশ্বগন্ধারিষ্ট দেশপ্রসিদ্ধ মহৌষধ।

এক শিশির মূল্য ১৲ এক টাকা; মাশুলাদি ।।৶০ এগার আনা।

গবর্ণমেণ্ট-মেডিক্যাল-ডিপ্লোমাপ্রাপ্ত,

**শ্রীযুক্ত নগেন্দ্রনাথ সেনগুপ্ত কবিরাজের**

আয়ুর্ব্বেদীয় ঔষধালয়।

১৮।১ ও ১৯নং লোয়ার চিৎপুর রোড, কলিকাতা

## হিলিংবাম

...ও পুরাতন মেহ এবং ধাতু দৌর্ব্বল্যের মহৌষধ।

১ ... পরিচয়! এক দিবসে জ্বালাক্ষয়!! এক সপ্তাহে নিরাময়!!

...জড় “গণোকোকাই” জড় নষ্ট না হইলে রোগ সারে না। হিলিং-বাম এ জড়-নষ্টকর উপাদানে প্রস্তুত, সেই জন্য ... ইহাই মেহের মহৌষধ। মেহ রোগ আজ কাল শতকরা ৯৫ জনের হয়। কিন্তু ... ক্ষণের সমুচিত ঔষধ “হিলিংবাম”। আর বাজে ঔষধ সেবন করিয়া অর্থ ও ... করিবেন না। আমাদের ঔষধ ২৪ বৎসরের অধিক পুরাতন।

...ঔষধের ‘ভেল’ হইয়া থাকে, আমাদের হিলিংবামও এ বিষয়ে ... নাই ... ছাড়া অনেক “বাম” আজ কাল বাজারে দেখা দিয়াছেন। এই সকল ... সাবধান হইবেন।

মে... বোধ হয় সকলেই জানেন। প্রধানতঃ মেহের উপসর্গ এইগুলি—প্রস্রাবের ... সরল না হওয়া, বার বার বেগ হওয়া, কিন্তু প্রস্রাব খোলসা না হইয়া মূত্র... রা, রক্ত পুঁজ যুক্ত খড়িগোলার মত বা ঘোলা প্রস্রাব হওয়া, কাপড়ে সাদা সাদ... মাথাধরা, মাথাঘোরা, জ্বরভাব, কাজে মন না লাগা, কোষ্ঠ কাঠিন্য এবং পা-গা টাট... কন্ করা, কিছু মনে না থাকা, রাত্রে ভাল ঘুম না হওয়া, অল্প উত্তেজনায় ... কি ... কোষ্ঠ ত্যাগকালে ধাতুক্ষয়, স্বপ্নদোষ, আংশিক পুরুষত্বহানি ইত্যাদি। ...শত সহস্র প্রশংসা পত্র পাইয়াছে তাহা শুনিয়া শেষ করা যায় না। ধনী ... ঔষধের অত্যাশ্চর্য্য উপকারিতা দেখিয়া প্রশংসা করিতে বাধ্য হইয়া... নিম্নে দেখুন কত বড় বড় ডাক্তার প্রশংসা করিয়াছেন।

### ...ল কয়েকজন ডাক্তারের নাম

(১) ক... পি, গুপ্ত, (আই, এম, এস,) এম, এ, এম, ডি,—এফ, আর, সি, এস —পি, এল, ডি... এস, সি; (২) মেজর বি কে, বসু—(আই, এম, এস,) এম, ডি, সি. এম; (৩) ...জর এন, পি, সিংহ, (আই, এম, এস,) এম, আর, সি, পি এম, আর, সি, এস; (৪) ডা... এস, চক্রবর্ত্তী এম, ডি; (৫) ডাঃ ইউ, গুপ্ত এম, ডি; (৬) ... এস, ঘোষ, এম, ডি; (... আর মনিয়ার এম, বি, সি, এম; (৮) ডাঃ টি, ইউ, আমেদ এম, বি, সি, এম, এল, এম, ...; (৯) ডাঃ এ, ফারমী, এল, আর, সি, পি, এণ্ড এস; (১০) ডাঃ ... বেজবড়ুয়া; এ... আর, সি, পি, এল, এফ, পি; (১১) ডাঃ আর, জি, কর, এল, আর, সি, পি, এণ্ড এস ইত্যা...

...বাম সমস্ত ডাক্তারখানায় বিক্রয় হয়।

মূল্য ... ছোট শিশি ১৮০; ভিঃ পিঃতে প্যাকিং আর খরচাদি ...

### ...গিন্ এণ্ড কোং

ম্যানুঃ—কেমিষ্টস্।

...ট কলিকাতা।

...গ্রাম—“হিলিং”, কলিকাতা

সংবাদ।

...ন, ১৩২৬ সাল।

## ...জঙ্গিপুর সংবাদ"।

—০—

...র কাগজ ভূতের হাতেই পরি
...মানুষের ভুত ছাড়িলে মঙ্গল,
...কাগজের ভূত ছাড়িলেই মুস্কিল।
...ঙ্গিপুর স...াদের' ছাপাখানার ভূত কয়টী
...দিন হইতে আড্ডা ছাড়িয়া পলাতক
...জানিনা কোন রাম নামে এই
...ান্তরে চলিয়া গিয়াছিল।
ছাপাখানার ধাড়ী ব্রহ্মদৈত্যিটী একাকী চেষ্টা
করিয়াও 'জঙ্গিপুর সংবাদের' গতি করিতে
পারে নাই। তজ্জন্য গত সপ্তাহে 'জঙ্গিপুর
সংবাদ বাহির হয় নাই। অদ্য সমস্ত ভুত
কয়টী একত্রিত হইয়াছে। আশা করি ভুত
...বন ভগবানের কৃপায় জঙ্গিপুর সংবাদের
ভুতের অভাব হইবে না।

—

## সর্পাঘাত।

—

### এক ঘরে উপর্য্যুপরি দুই রাত্রিতে দুইজনের মৃত্যু।

—

গত শনিবার একজন পশ্চিম দেশীয় চাউলের ব্যাপারী রঘুনাথগঞ্জের বিল্লোর ভকত বালগোবিন্দ রায়ের গদি ঘরে শয়ন করিয়াছিল। রাত্রিতে তাহার হস্তে কিসে দংশন করে। সে দংশনের জ্বালা অনুভব করিতে পারে নাই, প্রত্যুষে তাহার শরীর একটু অসুস্থ হয় এবং পেটবেদনা করিতে থাকে। ডাক্তার তাহার পেটের অসুখ দেখিতে আসিয়া তাহার শরীরে ... দেখিতে পান। তখন ... চিকিৎসা আরম্ভ হয়। কিন্তু তখন সমস্ত দেহে বিষক্রিয়া আরম্ভ হওয়ায় লোকটী মৃত্যুমুখে পতিত হয়। পরদিন রবিবার উক্ত গদির প্রধান কর্ম্মচারী যমুনারাম ভকত মৃতের সৎকার করিয়া আসিয়া রাত্রিতে ঐ গদি ঘরে তক্তপোষের উপর মশারি খাটাইয়া শয়ন করেন। রাত্রি দ্বিপ্রহরের সময় কর্ণমূলে সামান্য দংশন যন্ত্রণা অনুভব করিবা মাত্র আলো লইয়া বিছানার ভিতর একটী ক্ষুদ্র সর্প দেখিতে পান। সাপটী কোন জাতীয় তাহা ঠিক হয় নাই। তৎক্ষণাৎ মুরগী বসান ও রোজার ঝাড়ন ফুকন প্রভৃতি চিকিৎসা আরম্ভ হইয়াছিল। সর্প দষ্ট স্থানে তাগা বাঁধিবার কোনও সুযোগ পাওয়া যায় নাই। প্রায় ৫০।৬০টী ... মরিল বটে কিন্তু রোগীর কোনও ...

...শিল...। সন্ধ্যার পূর্ব্বে রোগী ঢলিয়া পড়িল। কাশিমবাজারের মহারাজের সর্প চিকিৎসায় বিশেষজ্ঞ সতীশ বাবু সন্ধ্যার ট্রেণে আসিয়া পৌছিয়া মৃতদেহের উপরই চিকিৎসা আরম্ভ করিলেন কিন্তু কিছু হইল না। যমুনারাম ভকত খুব ভাল লোক ছিলেন। তিনি বুদ্ধিমান হইয়াও যখন সসর্প গৃহে শয়ন করিয়াছিলেন তখন বুঝিতে হইবে —নিয়তি কেন বাধ্যতে।

—

## জঙ্গিপুরে শান্তি উৎসব।

—

গত ১৯শে জুলাই জঙ্গিপুরে শান্তি উৎসব যথারীতি সম্পন্ন হইয়াছে। প্রাতে জঙ্গিপুর পুলিশ, স্কুলের ছাত্র ও স্থানীয় ইতর ভদ্র জন সাধারণের এক বৃহৎ মিছিল বাহির হইয়াছিল। সর্ব্বাগ্রে 'ব্রিটিশের জয়' অঙ্কিত সুবৃহৎ পতাকা তৎপর সশস্ত্র পুলিশ, তারপর পতাকা হস্তে স্কুল ও পাঠশালার ছাত্রবৃন্দ দলবদ্ধ হইয়া 'হিপ্ হিপ্ হুরে' শব্দে গগন প্রতিধ্বনিত করিয়া সমস্ত নগর প্রদক্ষিণ করিয়াছিল। স্থানীয় রাজপু... ...গণও শোভাযাত্রায় যোগদান করিয়াছিলে... ...রিসংকীর্ত্তন ও সম্রাটের বিজয় কীর্ত্তন ... ...কারতে কীর্ত্তন সম্প্রদায়ও বহির্গত হইয়া... মোট কথা জঙ্গিপুরের মত সহরে য... ...ব তাহার কোন ত্রুটী হয় নাই। ... ...াত্রা জঙ্গিপুর ফৌজদারী কাছারী ... উপস্থিত হইলে ডেপুটী বাবুর ম... ...বাতাসা ছড়ান হইয়া... কাছারী... ...ন্দায় একটী সভ... ছিল ... ...াল অফিসার ... সম্রা... ...আনন্দধ্বনি ...রিয়া ... প্রি... মধ্যে ... সন্ধির ... করিয়া ... ...হলেন। ওঁ শান্তি ... ...শান্তি !!

—

## ...মৃত্যু।

...থানার অন্তর্গত গনকর গ্রামের মণীন্দ্র... ...বন্দ্যাপাধ্যায় নামক একটী দরিদ্র যুবক দুই... ...র হইল মোক্তারী পাশ করিয়া জঙ্গিপুর ... ...ফৌজদারী আদালতে প্র্যাক্টিশ আরম্ভ করেন। তাঁহার যৎসামান্য আয়ের উপর তাঁহা... পরিবারের ৮।১০ জন লোক নির্ভর ক... ...ছিল। মণি বাবুর মাতা এখন... ...আছেন। গত সপ্তাহে কাল নি... ...গে মণি বাবুর হঠাৎ মৃত্যু হ... ...এই দারুণ সংবাদে অত্যন্ত মর্ম্মা... মঙ্গলময় ভগবান এই সকল হৃদয়... ...রের মধ্যে যে ... নিহিত আছে তাহা ... ...ণি বাবুর শোক সন্তপ্ত ... ...সমবেদনা প্রকাশ করি।

—

## একটী 'মানুষ' মরেছে।

—০—

শ্রীযুক্ত শরচ্চন্দ্র বসু ও চারুচন্দ্র বসু দুই সহোদর। তন্মধ্যে চারুচন্দ্রই কনিষ্ঠ। তাঁহাদের পিতা ৺জগচ্চন্দ্র বসু মহাশয় কর্ম্মোপলক্ষে জঙ্গিপুরে বাস করেন॥ পিতার মৃত্যুর পর "ভাই ভাই ঠাঁই ঠাঁই" এই প্রবাদের অসত্যতা প্রতিপন্ন করিতে সমর্থ হইয়াছিলেন। ইঁহাদের তুল্য ভ্রাতৃভাব আজ কালকার কালে খুব বিরল। শরৎ বাবু, চারুবাবু জঙ্গিপুরের হোমরা চোমরা নাম করা বাবু না হইলেও তাঁহারা মানুষ—এ কথা আমরা বেশ জানি। সম্প্রতি তাঁহাদের অবস্থা শোচনীয়, কারণ প্রত্যেক ভ্রাতার ৩টী করিয়া অবিবাহিতা কন্যা আছে। বৃদ্ধা জননী এখনও জীবিতা। সামান্য গৃহস্থের অরক্ষণীয়া কন্যা থাকিলে দশা যাহা হয় তাঁহাদেরও তাহাই হইয়াছে। ভগবানও মরার উপর খাঁড়ার ঘা দিতে বোধ হয় ভালবাসেন। তাই কিছুদিন পুর্ব্বে চারু বাবুর একটী ছোট্ট কন্যা ও শরৎ বাবুর একটী পুত্র ও একটী কন্যা হঠাৎ বিসূচিকা রোগাক্রান্ত হয়। চারু বাবুর কন্যাটী কেবল মাত্র পিতাকে চিকিৎসায় সামান্য কষ্ট দিয়াই কন্যাদায় মুক্ত করিয়া মা জাহ্নবীর ক্রোড়ে আশ্রয় লইল। তারপর শরৎ বাবুর একটী কন্যার বিবাহের সম্বন্ধ করিবার জন্য উভয় ভ্রাতাই সুরপুর গমন করেন। চারু বাবুর সেইখানেই কলেরার লক্ষণ প্রকাশ পায়। সুরপুরের ভদ্রলোকগণ এই সময়ে তাঁহাদের যথাশক্তি সাহায্য করিয়াছিলেন। তাঁহারা রোগীর যেরূপ শুশ্রূষা করিয়াছিলেন পরের জন্যে পরে কেহ তেমন করে না। সুরপুরের ডাক্তার বাবুটী রোগীর সঙ্গে নৌকাযোগে রঘুনাথগঞ্জে আসিয়াছিলেন। এই বাবুটীকে দেবতা বলিলেও অত্যুক্তি হয় না। কিন্তু মানুষের চেষ্টা সকল স্থানে ফলবতী হয় না। রঘুনাথগঞ্জের ডাক্তার বাবুদের চিকিৎ... ...শুশ্রূষা সমস্তই বিফল ... ...দায়াদি গুরুভার জ্যেষ্ঠে... বৃদ্ধা ... ...ক সাগরে ফেলিয়া ইহধাম ... ...তাহাকে চারুদা' বলিয়া ... ...দের বড়ই সরল লোক ছিলেন। ... ...তের সংকার প্রভৃতি লোকহিতকর ... প্রস্তুত ছিলেন। চারুদার মৃত্যুতে ... ...লোক হারাইলাম। ভগবান, তাঁহার ... ...শরৎ বাবুর হৃদয়ে শক্তি সঞ্চার কর। তাহা... ...নী ও শোকাতুরা পত্নীকে শান্তি দাও।

—

## প্রাপ্ত।

...ত ১৯শে জুলাই শনিবার সন্ধি-উৎসব ...ক্ষে বাড়ালা রামদাস এম, ই, স্কুল উত্তমরূপ সজ্জিত করা হইয়াছিল। তৎপরে স্কুল গৃহে উপস্থিত ভদ্রমণ্ডলী, শিক্ষকবর্গ ও ছাত্রগণ সম্মিলনে একটী সভার অধিবেশন হয় তাহাতে সভ্যগণ মহামান্য ভারত সম্রাট বাহাদুরের জয়কীর্ত্তনপূর্ব্বক উৎসবের কারণ বর্ণনা করিয়া বক্তৃতা করিলে পর ছাত্রগণ সম্রাট বাহাদুরের গুণকীর্ত্তনসূচক কয়েকটী সঙ্গীত সমস্বরে গান করে তৎপরে সকলকে মিষ্টান্ন বিতরণ করা হয়।

শ্রীরমাপ্রসন্ন মুখোপাধ্যায়,
বাড়ালা।

—০—

পরম পূজনীয় শ্রীযুক্ত শরচ্চন্দ্র পণ্ডিত "জঙ্গিপুর সংবাদ" সম্পাদক মহাশয় শ্রীশ্রীচরণকমলেষু

মহাশয়,

আপনার পত্রিকায় নিম্নলিখিত সংবাদগুলি উঠাইয়া বাধিত করিবেন।

গত কল্য শান্তি উৎসব ধুলিয়ানে মহা-সমারোহের সহিত সম্পন্ন হইয়াছে। সকাল বেলা কাঞ্চনতলা হাইস্কুলের শিক্ষক ও ছাত্রগণ আনন্দধ্বনিসহ সহরময় প্রদক্ষিণ করিয়াছেন অপরাহ্নে স্থানীয় বড় দারোগা বাবু শ্রীযুক্ত শৈলেশচন্দ্র মিত্র মহাশয়ের চেষ্টায় এক বিরাট মিছিল বাহির হয়। চৌধুরী সাহেবের বাজারে একবার সভা হয়, তৎপর থানায় দ্বিতীয়বার সভা হয়, দারোগাবাবু, পোষ্ট মাষ্টার সুরেশ বাবু, ডাক্তার বসন্ত বাবু ও মাষ্টার মুণীশ বাবু সম্রাটের মঙ্গল কামনা করিয়া জনসাধারণকে শান্তি উৎসব বিষদভাবে বুঝাইয়া দেন। সভা ভঙ্গের পর বড় দারোগা বাবু সকলকে জলযোগ করান। দারোগা বাবুদ্বয়ের সৌজন্যে সেইদিন সকলেই প্রীত হইয়াছে।

ধুলিয়ান জন হিতৈষিনী সভার তরফ হইতে যে দুর্ভিক্ষ ভাণ্ডার খোলা হইয়াছে, তাহা এখনও পূর্ণমাত্রায় চলিতেছে। অন্ন বিতরণ কম হইতেছে কারণ বিদেশী খাবার লোক এখন এখানে নাই, স্থানীয় গরীবগণ ভাত না খাইয়া চাউল গ্রহণ করিতেছে। এই সদনু-ষ্ঠানের প্রধান উদ্যোক্তা ডাক্তার বসন্তকুমার সরকার ও তাহার প্রধান সহায়কারী কবিরাজ অতুলকৃষ্ণ সেন গুপ্ত সমানভা... শুনিতেছি স্বীকৃত চাঁদা... তেছে না, এজন্য ইঁহারা ... ন্তিত ... য়াছেন! আশা করি অতঃপর ... কারীগণ এই মহাযজ্ঞে নিজ নিজ চাঁ... সাত্বিকদানের ও প্রতিশ্রুতি প্রতিপ... প্রকৃত সুখ অনুভব করিবেন। এই স... কাঞ্চনতলার ও ধুলিয়ানের বহুলোক ... য়াছেন, এজন্য তাঁহারা বিশেষ ধন্যবাদে... পাত্র!

আজ দুই বৎসর হইল স্থানীয় জমিদার শ্রীযুক্ত বাবু ধীরেন্দ্রনাথ রায় মহাশয় ধুলিয়ান হরিসভার স্থান ও সম্ভব হইলে মন্দির পর্য্যন্ত দান করিবেন বলিয়া প্রতিশ্রুত হইয়াছিলেন। তাঁহার পিতা স্বর্গীয় শ্যামাচরণ রায় মহাশয় ধর্ম্মভীরু ও শান্ত প্রকৃতির লোক ছিলেন সুতরাং উক্ত প্রতিশ্রুতি উপযুক্ত পিতার উপযুক্ত সন্তানেরই অনুরূপ হইয়াছে কিন্তু কাজ এখন পর্য্যন্ত কেন হইয়া উঠিতেছে না বুঝিতে পারি না। হরি সভার সম্পাদক অতুল বাবু ও সহকারী বসন্ত বাবু গরিমশী ছাড়িয়া চুড়ান্ত মীমাংসা করুন এই অনুরোধ। ধুলিয়ান মহাজনগণের একটা বৃত্তি তহবীল আছে, সেই তহবীল হইতে প্রতি বৎসর অনেক সৎকাজ ও আমোদ প্রমোদ হইয়া থাকে। ১৩২৪ সালে উক্ত বৃত্তি উঠান হয় নাই, ১৩২৫ সালে উঠানর চেষ্টা হইয়া সামান্য কিছু উঠিয়াছে, তাহা হইতে দুর্ভিক্ষ ভাণ্ডারে ২০০৲ টাকা দেওয়া হইয়াছে, বক্রী টাকা শুধু অলসতার দরুণ উঠিতেছে না। মহাজন সভার সম্পাদক, সহকারী সম্পাদক ও সুযোগ্য মেম্বরগণের নিকট প্রার্থনা তাঁহারা যেন সম্পূর্ণ টাকাটা আদায় করিয়া এ বৎসর সুদে লাগাইয়া রাখেন এবং আগামী সন কোন বিশেষ স্থায়ী সৎকার্য্যে ব্যয় করেন। ধুলিয়ানে একটী ধরমশালার বিশেষ দরকার এইদিকে মহাজনদিগের মনযোগ আকর্ষিত হউক এই প্রার্থনা।

ধূলিয়ান মিউনিসিপালিটীর রাস্তার কাজ এত ধীর ও মন্থর গতিতে চলিতেছে যেন মনে হয় ইহা কখনও ভাল হইবে না।

শ্রীরাধিকারমণ ঘোষ।

## দ্বারকানাথ শীল্ড

নিমতিতা।

### খেলার বিবরণ।

১ম দফা।

(ক) নিমতিতা টাউন বনাম অনন্তপুর
২১শে জুলাই, নিমতিতা গ্রাউণ্ড।

(খ) সিউড়ী এথ্‌লেটিক বনাম সিউড়ী বয়েজ
২০শে জুলাই, সিউড়ী গ্রাউণ্ড।

(গ) মিলন্ ক্লাব বনাম লোহরপুর
২২শে জুলাই, নিমতিতা গ্রাউণ্ড।

(ঘ) ওয়াই, এম, এ, সি বনাম ...
২৪শে জুলাই, নিমতিতা গ্রাউণ্ড।

২য় দফা।

"খ" এর জেতৃদল বনাম সিউড়ী ...
২৫শে জুলাই, সিউড়ী গ্রাউণ্ড।

... "ক" এর জেতৃদল বনাম মালদহ ...
... জুলাই, নিমতিতা গ্রাউণ্ড।

... বনাম মুর্শিদাবাদ
... নিমতিতা গ্রাউণ্ড।

... বনাম রামপুরহাট,
... নিমতি... গ্রাউণ্ড।

... " এর জেতৃদল ... র জেতৃদল
৩০শে জুলাই, নিমত...

(ক... " এর জেতৃদল বনাম "...
১লা আগষ্ট, নিমতিতা গ্রা...

শেষ।

"ছ" এর জেতৃদল বনাম "ক" এর জেতৃদল
৩রা আগষ্ট, নিমতিতা গ্রাউণ্ড॥

### কর্ম্মখালী।

জমিদারী সেরেস্তায় অভিজ্ঞ ও গোমস্ত... হিসাব নিকাশে পটু একজন বিশ্বাসী ও পরি... শ্রমী কর্ম্মচারীর আবশ্যক। মাসিক ১০৲ ... ১২৲ টাকা বেতন এবং আহার ও বাস... পাইবেন। জাতি ও বয়স উল্লেখ ... দরখাস্ত করুন।

শ্রীবিদগ্ধগো...
রঘুন...


## জবাকুসুম

গুণে অদ্বিতীয় গন্ধে অ...

জবাকুসুম তৈল মস্তিষ্ক স্থির রাখে... করে, কেশের শোভা বর্দ্ধিত করে। এই ... জবাকুসুম তৈল সকলের আদরণীয়। এই জ... তৈল কেশ তৈলের শীর্ষস্থান অধিকার করিয়াছে ... নকল ও অনুকরণ সত্ত্বেও কোন তৈলই তাহাকে ... চ্যুত করিতে পারে নাই।

১ শিশি ১৲ টাকা।
৩ শিশি ২।০ ভিঃ পিতে ২॥৵০

## কল্যাণ বটিকা

ধাতুদৌর্ব্বল্যের মহৌষধ।

কল্যাণ বটিকা সেবনে ধাতুদৌর্ব্বল্য ও তজ্জন্য ... রাদি উপসর্গ ত্বরায় প্রশমিত হইয়া শরীরের কান্তি ও পুষ্টি বর্দ্ধিত হয়। কল্যাণ বটিকার গুণ অব্যর্থ ও স্থায়ী।

১ কৌটা ২৲ ভিঃ পিতে ২৵০

## সুধাবতী

অম্লপিত্ত রোগীর একমাত্র ভরসাস্থল।

সুধাবতী ঔষধ সেবনে অম্লপিত্ত রোগ শীঘ্রই দূরীভূ... আকণ্ঠ ভোজনের পর একমাত্রা সুধাবতী সেবন ... রলে তুলাকে অগ্নি সংযোগের ন্যায় গুরুপাক দ্রব... ভূত হইয়া যায়। অগ্নিতে জল সেকের ন্যায় বুকজ্বালা নিবারিত হয়।

১ শিশি ... ৲ টাকা ভিঃ পিতে ১৷৵

## অমৃতাদি বটিকা

ম্যালেরিয়া জ্বরনাশে অব্যর্থ।

অমৃতাদি বটিকা সেবনে সর্ব্বপ্রকার জ্বর বিশেষতঃ ম্যালেরিয়া জ্বর অতি শীঘ্র দূরীভূত হইয়া থাকে। প্লীহা ও যকৃতের বৃদ্ধি হইলে অমৃতাদি বটিকা সেবনে আশ্চর্য্যজনক ফল পাওয়া যায়, জ্বরের হস্ত হইতে নিষ্কৃতি পাইবার জন্য ... দেশান্তর ভ্রমণ করিতে হয় না।

১ কৌটা ভিঃ পিতে ১৵০

...ক, সেন এণ্ড কোং লিমিটেড।
...াপক ও চিকিৎসক—
...সেন কবিরাজ
...লিকাতা।

...উপদেশ

...ৎ।
...শরীরিনাম্॥ ১;
চরক সংহিতা
...্যাগ করিয়া শরীর পালন করা কর্ত্তব্য
...বিগের সকলেরই অভাব হয়।

...সম্বন্ধীয় পুস্তক!

১৫০ পৃষ্ঠায় সম্পূর্ণ।

আবেদন
করুন।
কবিরাজ—মণিশঙ্কর
গোবিন্দজী শাস্ত্রী।

আতঙ্ক নিগ্রহ ঔষধালয়
২১৪ বহুবাজার ষ্ট্রীট কলিকাতা।

বিনামূল্যে এবং বিনা ডাক মাশুলে

| | |
|---|---|
| ১—দীর্ঘায়ু<br>২—স্বাস্থ্য<br>৩—শক্তি | এই তিনটী জিনিস<br>লাভ করিবার প্রকৃত উপায়— |

## আতঙ্ক-নিগ্রহ বটিকা।

...শক্তিহীনকে শক্তিশালী করিয়া, আত্মকৃত কু-অভ্যাস জনিত ভগ্নস্বাস্থ্য ও জীবনে হতাশ ব্যক্তিদিগকে স্বাস্থ্য ও নব জীবন দান করিয়া ভৈষজ্য জগতে শ্রেষ্ঠ স্থান অধিকার ও পৃথিবী ব্যাপী অতুল কীর্ত্তি অর্জ্জন করিয়াছে

এই বটিকা রক্ত পরিষ্কার করে, কোষ্ঠ কাঠিন্য দূর করে, পারপাক শক্তি বৃদ্ধি করে, স্বপ্নদোষ, প্রস্রাবের সহিত ধাতুস্রাব, বন্ধ্যাত্ব দোষ এবং সর্ব্ব প্রকারের দুর্ব্বলতা দূর করিয়া স্বাস্থ্য, শক্তি, দীর্ঘায়ু দান করিয়াছে।

৩২ বটিকাপূর্ণ ১ কৌটার মূল্য ১৲ এক টাকা মাত্র। একত্রে অধিক টাকার ঔষধ ক্রয় করার কমিশন ও উপহারের বিষয় জানিবার নিমিত্ত মূল্য নিরূপণ পুস্তিকার জন্য আবেদন করুন।

কবিরাজ—মণিশঙ্কর গোবিন্দজী শাস্ত্রী
আতঙ্ক নিগ্রহ ঔষধালয়
২১৪ বৌবাজার ষ্ট্রীট, কলিকাতা

## অতি সস্তার

কুহকে মজিয়া স্বাস্থ্য ও অর্থ নষ্ট করিবার পূর্ব্বে আমাদের বিশুদ্ধ আয়ু... ঔষধ ব্যবহার করুন। শ্বাস কাসের মহৌষধ চ্যবনপ্রাশ ৵১ সের ৬৲ সা... মকরধ্বজ ১ ভরি ৮৲ হিন্দুলোথ পারদযোগে প্রস্তুত মকরধ্বজ ১ ভরি... ধাতুদৌর্ব্বল্য অগ্নিমান্দ্য ও সূতিকায় "জীবনীয় রসায়ন" ইহা অল্পমেধ... প্রসূতি ও দুর্ব্বলের একমাত্র সহায়। মূল্য ২০ মাত্রা... শিশি ১৲ ... "বাসারিষ্ট ও কনকাসব" ১ মাত্রা সেবনেই হাঁপ কষ্ট কমিবে... ৸৹ ও ॥৹ ... ...াসের দ্রাক্ষারি... উপদংশ ... ...ষ্টর অনন্তারিষ্ট ১ বোতল ১॥৹ প্রমেহে... ও চন্দনা... জ্বালা যন্ত্রণা ও পূয নির্গমন কমিবে। একত্রে... সেবনোপযোগী ২৲ অগ্নিমান্দ্যে ভাস্কর লবণ ৵৹ ছটাক ॥৵৹ অগ্নিমান্দ্যে... পাচক ১ কৌটা ১৫ বটী ।৹ ইহা অগ্নিবর্দ্ধক অরুচি নাশক। কোষ্ঠ বদ্ধে... ভেদক বা দ্রাক্ষাদি ১ কৌটা ৯ বটী ।৵৹ ইহাতে আমবাত, কোমরের বাথা, পু... জ্বর, গুল্ম ও শূল প্রভৃতি আরোগ্য হয়। রাত্রে শয়নের পূর্ব্বে সেবনে সক... কোষ্ঠ শুদ্ধ হয়। দন্ত মজ্জন ১ কৌটা ৵৹। দাদের মলম ১ কৌটা ।৹ আনা... অন্যান্য ঔষধ ও জারিত ধাতু দ্রব্য সুবিধা হয়। পরীক্ষা প্রার্থনীয়। পাইকার... ও ছাত্রদিগকে সুবিধায় দেওয়া হয়।

সুপ্রসিদ্ধ কবিরাজ রাজেন্দ্রনারায়ণ সেন মহাশয়ের ভাগিনে...
ও ছাত্র আয়ুর্ব্বেদীয় পরীক্ষায় সর্ব্বোচ্চ পদকপ্রাপ্ত...
কবিরাজ শ্রীবিভূতিভূষণ গুপ্ত কবিরঞ্জন, গয়...

আমাদের নিকট চাঁদী, সোনা গিনি উচিত মূল্যে... যায়। পরীক্ষা প্রার্থনীয়।

শ্রীশচীন...
জঙ্গিপুর সাহেব বা...

# সুরমা

## ফুলশয্যায় সুরমা।

আবার বিবাহের সময় আসিতেছে। আবার বিধাতার বিধানে অনেক নরনারীর ভাগ্যলিপি সমস্থত্রে আবদ্ধ হইবার মাহেন্দ্রক্ষণ আসিতেছে। অনেকেই ভাবিবেন বিবাহের তত্ত্বে, বর-কনের ব্যবহারের জন্য, ফুলশয্যার দিনে সুরমার বড়ই প্রয়োজন। ফুলশয্যার রাত্রে কোন বাড়ীর মহিলারা সুরমা ব্যবহার করিলে, ফুলের খরচ অনেক কম হইবে। "সুরমার" সুগন্ধে শত বেলা, সহস্র মালতীর সৌরভ গৃহ-কক্ষে ফুটিয়া উঠিবে। সমস্ত মঙ্গলকার্য্যেই "সুরমার" প্রচলন। বড় এক শিশি সুরমায় অর্থাৎ সামান্য ৸৹ বার আনা ব্যয়ে অনেক কুলমহিলার অঙ্গরাগ হইতে পারে।

বড় এক শিশির মূল্য ৸৹ বার আনা; ডাকমাশুল ও প্যাকিং ॥৵৹ এগার আনা। তিন শিশির মূল্য ২৲ দুই টাকা মাত্র; মাশুলাদি ১।৵৹ এক টাকা পাঁচ আনা।

## সোমবল্লী-কষায়।

আমাদিগের এই সালসা ব্যবহারে সকলপ্রকার বাত, উপদংশ, সর্ব্বপ্রকার চর্ম্মরোগ, পারা-বিকৃতি ও যাবতীয় দুষ্টক্ষত নিশ্চয়ই আরোগ্য হয়। অধিকন্তু ইহা সেবন করিলে, শারীরিক দৌর্ব্বল্য ও কৃশতা প্রভৃতি দূরীভূত হইয়া শরীর হৃষ্ট-পুষ্ট এবং প্রফুল্ল হয়। ইহার ন্যায় পারাদোষনাশক ও রক্তপরিষ্কারক সালসা আর দৃষ্ট হয় না। বিদেশীয়দিগের বিলাতী সালসা অপেক্ষা ইহা অধিক উপকারক। ইহা সকল ঋতুতেই বালক-বৃদ্ধ-বনিতাগণ নির্ব্বিঘ্নে সেবন করিতে পারেন। সেবনের কোনরূপ বাঁধাবাঁধি নিয়ম নাই। এক শিশির মূল্য ১।৹ টাকা; ডাঃ মাঃ ও প্যাকিং ১৵৹ এক টাকা তিন আনা।

## জ্বরাশ...

জ্বরাশনি—ম্যালেরিয়ার ব্রহ্মাস্ত্র। ... ...র ন্যায় উপকারী
একজ্বর, পালাজ্বর, কম্পজ্বর, প্লীহা ও যকৃ... ...ম, ঢোকানী... ...জাগত ও মেহঘটিত
...ধাতুস্থ বিষমজ্বর, এবং মুখনেত্রাদির পাণ্ডু... ...া, আহারে অরুচি, শারীরিক
...র্বল্য, বিশেষতঃ কুইনাইন সেবনে যে সকল... সে সমস্তই এই ঔষধ সেবনে
...সন্দেহরূপে নিবারিত হয়। ... ...রোগী নবজীবন লাভ করিয়াছেন,
...র ইয়ত্তা নাই। এক শি... ...১৵৹ এক টাকা তিন আনা।

## ...মল... ...জ।

ইহার ... ...াতে অতুলনীয়... ...ত্বকের কোমলতা ও মুখের লাবণ্য বৃদ্ধি পায়।
...ণ, মেচেতা, ... প্রভৃতি চর্ম্মরোগ ... ...দ্বারা অচিরে দূরীভূত হয়। মূল্য বড় শিশি
...আট... ...দি ৷৵৹ সাত আনা।

...রাজি ঔষধ, তৈল, ঘৃত, মো... ...অবলেহ, আসব, অরিষ্ট, মকরধ্বজ, মৃগনাভি
...কলপ্রকার জারিত ধাতুদ্রব্য ... ...রা অতি বিশুদ্ধরূপে প্রস্তুত করিয়া, যথেষ্ট
...সুলভদরে বিক্রয় করিতেছি। এরূপ খাঁটি ঔষধ অন্যত্র দুর্লভ।
রোগিগণ স্ব স্ব রোগবিবরণ লিখিয়া পাঠাইলে, আমরা অতি যত্নসহকারে উপযুক্ত ব্যবস্থা পাঠাইয়া থাকি। ব্যবস্থা ও উত্তরের জন্য অর্দ্ধ আনার ডাক-টিকিট পাঠাইবেন

কবিরাজ—শ্রীশক্তিপদ সেন।
আয়ুর্ব্বেদীয় ঔষধালয়।
১৯।২ নং লোয়ার চিৎপুর রোড, টেরিটবাজার, কলিকাতা।

## বিজ্ঞাপন।

আমাদের দোকানে নানাবিধ বোম্বাই ...সাড়ী পার্শি সাড়ী, মির্জ্জাপুরি রেশমি ...ম, মটকা, দেশী বিলাতী কাপড় ...াগড়ার বাসন অতি অল্প মুনফায় ...বিক্রয় করা হয়। পরীক্ষা প্রার্থনীয়।

...শচীনন্দন দে শ্রীবিভূতিভূষণ দে।
...রঘুনাথগঞ্জ চাউল পটীজঙ্গিপুর, (মুর্শিদাবাদ)

ডাঃ এন, এল, পালের

## সুদর্শন সার।

(সর্ব্ববিধ জ্বরের অমোঘ ব্রহ্মাস্ত্র।)

দুই দিন সেবন করিলেই ফল বুঝিতে পারিবেন। বিশেষতঃ ম্যালেরিয়া জ্বরের হাত হইতে নিষ্কৃতি পাইতে হইলে সুদর্শন সার ব্যবহার করুন। প্লীহা ও যকৃত সংযুক্ত জ্বরে ইহা মন্ত্রশক্তির ন্যায় কার্য্য করে। মূল্য প্রতি শিশি ॥৵৹ দশ আনা।

ডাঃ নন্দলাল পাল
রঘুনাথগঞ্জ